রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ১, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

বিজ্ঞপ্তি

ঢাকা, ১লা আগষ্ট, ১৯৮৭/১৫ই শ্রাবণ, ১৩৯৪

নং এস,আর,ও ১৫৮-এল/৮৭/শা-১০/নিম্ন-১১/৮৭—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1)(a)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ঘোষণা করিতেছেন যে, উক্ত Ordinance এর section 5এর বিধান মোতাবেক সিনেমা হল শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে একই



মূল্য : ৯০ পয়সা

Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরোল্লিখিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবেঃ

### তফসিল

### "ক" পরিচ্ছেদ

### বিভিন্ন সিনেমা হলে নিয়োজিত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | "এ" শ্রেণীর সিনেমা হল | | | "বি" শ্রেণীর সিনেমা হল | | | "সি" শ্রেণীর সিনেমা হল | | | "ডি" শ্রেণীর সিনেমা হল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| (ক) উচ্চতর দক্ষঃ | ১৪০০ | ৫৬০ | ১৯৬০ | ১২৫০ | ৫১৫ | ১৭৬৫ | ১২০০ | ৫০০ | ১৭০০ | ১১৫০ | ৪৮৫ | ১৬৩৫ |
| ১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ২। চীফ এয়ার-কন্ডিশন মিস্ত্রী (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৩। চীফ একাউনটেন্ট | | | | | | | | | | | | |
| (খ) দক্ষঃ | ১১০০ | ৪৭০ | ১৫৭০ | ১০০০ | ৪৪০ | ১৪৪০ | ৯৫০ | ৪২৫ | ১৩৭৫ | ৯০০ | ৪১০ | ১৩১০ |
| ১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৩। জেনারেটর মিস্ত্রী (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৪। এয়ার-কন্ডিশন মিস্ত্রী (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৫। সুপারভাইজার | | | | | | | | | | | | |
| ৬। কার্পেন্টার | | | | | | | | | | | | |
| ৭। ড্রাইভার | | | | | | | | | | | | |
| ৮। বুকিং ক্লার্ক | | | | | | | | | | | | |
| ৯। টাইপিস্ট | | | | | | | | | | | | |

১০। একাউনটেন্ট/ক্যাশিয়ার
১১। সেনিটারী মিস্ত্রী/প্লাম্বার
১২। হেড গেট কিপার

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (গ) আধা-দক্ষঃ | ৮৮০ | ৪০৪ | ১২৮৪ | ৮৫০ | ৩৯৫ | ১২৪৫ | ৮০০ | ৩৮০ | ১১৮০ | ৭০০ | ৩৫০ | ১০৫০ |
| ১। গেট কিপার | | | | | | | | | | | | |
| ২। ষ্ট্যাম্প পেষ্টার | | | | | | | | | | | | |
| ৩। সহকারী ইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |
| ৪। সহকারী ক্যাশিয়ার | | | | | | | | | | | | |
| (ঘ) অদক্ষঃ | ৬৮০ | ৩৪৪ | ১০২৪ | ৬৫০ | ৩৩৫ | ৯৮৫ | ৫০০ | ২৭০ | ৭৭০ | ৪৬০ | ২৬৫ | ৭২৫ |
| ১। দারোয়ান | | | | | | | | | | | | |
| ২। পিয়ন | | | | | | | | | | | | |
| ৩। আয়া | | | | | | | | | | | | |
| ৪। বার্তাবাহক | | | | | | | | | | | | |
| ৫। অপারেটর (শিক্ষানবিস) | | | | | | | | | | | | |
| ৬। ইলেকট্রিশিয়ান হেলপার/শিক্ষানবিস | | | | | | | | | | | | |
| ৭। এয়ার-কন্ডিশন হেলপার/শিক্ষানবিস | | | | | | | | | | | | |
| ৮। সুইপার | | | | | | | | | | | | |
| ৯। পাবলিসিটি ম্যান | | | | | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হলের সকল শ্রমিক তাঁহাদের মূল মজুরীর সহিত শতকরা ২০ ভাগ হারে (২০%) বিশেষ ভাতা পাইবেন।

"খ" পরিচ্ছেদ

সকল সিনেমা হলকে বাৎসরিক নেট সেল-এর উপর ভিত্তি করে নিম্নে বর্ণিতভাবে শ্রেণী বিভক্ত করা হইলঃ

| | বাৎসরিক নেট সেল |
|---|---|
| "এ" শ্রেণী সিনেমা হল | .. ১৬ (ষোল) লক্ষ টাকা এবং তার উপরে। |
| "বি" শ্রেণী সিনেমা হল | .. ১০ (দশ) লক্ষ হইতে ১৬ (ষোল) লক্ষ টাকার নীচে। |
| "সি" শ্রেণী সিনেমা হল | . ৬ (ছয়) লক্ষ হইতে ১০ (দশ) লক্ষ টাকার নীচে। |
| "ডি" শ্রেণী সিনেমা হল | .. ৬ (ছয়) লক্ষ টাকার নীচে। |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

১। বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০%।
২। চিকিৎসা ভাতা ১০০ টাকা মাসিক।
৩। যাতায়াত ভাতা ৪০ টাকা মাসিক।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুদ্দিন আহমদ
উপ-সচিব।

এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "সিনেমা হল" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ-১৯৮৭

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২৩শে জানুয়ারী, ১৯৮৬ তারিখে স্মারক নং শা-১০/ডব্লিউ-১২/৮৬/৩ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "সিনেমা হল" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ২৮শে আগষ্ট, ১৯৮৬ তারিখের স্মারক নং শা-১০/নিম্ন-১৫/৮৬/১৬৬ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড বিভিন্ন সিনেমা হল থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন এবং কয়েকটি সিনেমা হল পরিদর্শন করিয়া উহার শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকদের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতঃপর খসড়া সুপারিশ পর্যালোচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

১। বাংলাদেশে অবস্থিত সকল "সিনেমা হল" শিল্প প্রতিষ্ঠানকে বাৎসরিক বিক্রয়লব্ধ আয়ের ভিত্তিতে এ, বি, সি ও ডি এই চার শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্রসহ "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। বাংলাদেশে অবস্থিত সকল "সিনেমা হল" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা এবং কাজের ধারা, ঝুঁকি ও প্রকৃতি ইত্যাদি বিবেচনা (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ, (৩) আধা-দক্ষ ও (৪) অদক্ষ এই ৪ (চার) শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা সংযোজিত "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

৩। এই ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানগুলির মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদের যথাযথপদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী শ্রমিক বলিয়া গণ্য হইবেন এবং নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৫। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাদিগকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত মজুরী অপেক্ষা কম না পায়।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৮। "ক" পরিচ্ছেদে উল্লেখিত, নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল, ছুটি ইত্যাদি ১৯৬৫ সনের দোকান ও প্রতিষ্ঠান আইনের ২(ডি) ধারা অনুসারে নিয়ন্ত্রিত হইবে।

এ, কে, এম, আজিজুল হক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

---

ডাঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য।

কে, এম, নাসিরুল হক
মালিক পক্ষের সদস্য।

---

মোঃ আনোয়ার হোসেন
শ্রমিক পক্ষের সদস্য।

জহিরুল হক
মালিক পক্ষের সদস্য।

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | নিম্নতম মজুরী "এ" শ্রেণী মূল মজুরী | "এ" শ্রেণী প্রান্তিক ভাতা | "এ" শ্রেণী মোট | "বি" শ্রেণী মূল মজুরী | "বি" শ্রেণী প্রান্তিক ভাতা | "বি" শ্রেণী মোট | "সি" শ্রেণী মূল মজুরী | "সি" শ্রেণী প্রান্তিক ভাতা | "সি" শ্রেণী মোট | "ডি" শ্রেণী মূল মজুরী | "ডি" শ্রেণী প্রান্তিক ভাতা | "ডি" শ্রেণী মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| (ক) উচ্চতর দক্ষ: | ১৪০০ | ৫৬০ | ১৯৬০ | ১২৫০ | ৫১৫ | ১৭৬৫ | ১২০০ | ৫০০ | ১৭০০ | ১১৫০ | ৪৮৫ | ১৬৩৫ |
| ১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৩। চীফ একাউনটেন্ট | | | | | | | | | | | | |
| (খ) দক্ষ: | ১১০০ | ৪৭০ | ১৫৭০ | ১০০০ | ৪৪০ | ১৪৪০ | ৯৫০ | ৪২৫ | ১৩৭৫ | ৯০০ | ৪১০ | ১৩১০ |
| ১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৩। জেনারেটর মিস্ত্রী (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৪। এয়ার-কন্ডিশন মিস্ত্রী (লাইসেন্সপ্রাপ্ত) | | | | | | | | | | | | |
| ৫। সুপারভাইজার | | | | | | | | | | | | |
| ৬। কার্পেনটার | | | | | | | | | | | | |
| ৭। ড্রাইভার | | | | | | | | | | | | |
| ৮। বুকিং ক্লার্ক | | | | | | | | | | | | |
| ৯। টাইপিস্ট | | | | | | | | | | | | |
| ১০। একাউনটেন্ট/ক্যাশিয়ার | | | | | | | | | | | | |
| ১১। হেড গেট কিপার | | | | | | | | | | | | |
| ১২। সেনিটারী মিস্ত্রী /প্লাম্বার | | | | | | | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | নিম্নতম মজুরী | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | "এ" শ্রেণী | | | "বি" শ্রেণী | | | "সি" শ্রেণী | | | "ডি" শ্রেণী | | |
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| (গ) আধা-দক্ষ: | ৮৮০ | ৪০৪ | ১২৮৪ | ৮৫০ | ৩৯৫ | ১২৪৫ | ৮০০ | ৩৮০ | ১১৮০ | ৭০০ | ৩৫০ | ১০৫০ |
| ১। গেট কিপার | | | | | | | | | | | | |
| ২। ষ্ট্যাম্প পেণ্টার | | | | | | | | | | | | |
| ৩। সহকারী ইলেকট্রিশিয়ান | | | | | | | | | | | | |
| ৪। সহকারী ক্যাশিয়ার | | | | | | | | | | | | |
| (ঘ) অদক্ষ: | ৬৮০ | ৩৪৪ | ১০২৪ | ৬৫০ | ৩৩৫ | ৯৮৫ | ৫০০ | ২৭০ | ৭৭০ | ৪৬০ | ২৬৫ | ৭২৫ |
| ১। দারোয়ান | | | | | | | | | | | | |
| ২। পিয়ন | | | | | | | | | | | | |
| ৩। আয়া | | | | | | | | | | | | |
| ৪। বার্তাবাহক | | | | | | | | | | | | |
| ৫। অপারেটর (শিক্ষানবিস) | | | | | | | | | | | | |
| ৬। ইলেকট্রিশিয়ান হেলপার/শিক্ষানবিস | | | | | | | | | | | | |
| ৭। এয়ার-কন্ডিশন হেলপার/শিক্ষানবিস | | | | | | | | | | | | |
| ৮। সুইপার | | | | | | | | | | | | |
| ৯। পার্বলিসিটিম্যান | | | | | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য:** শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হলের সকল শ্রমিক শ্রেণী বিভাগ অনুযায়ী উল্লেখিত নিম্নতম মূল মজুরীর সহিত শতকরা ২০ ভাগ হারে (২০%) বিশেষ ভাতা পাইবেন।

"খ" পরিচ্ছেদ

সকল সিনেমা হলকে বাৎসরিক নেট সেল-এর উপর ভিত্তি করে নিম্নবর্ণিতভাবে শ্রেণী বিভক্ত করা হইল:

বাৎসরিক নেট সেল

| | |
|---|---|
| "এ" শ্রেণী সিনেমা হল | .. ১৬ (ষোল) লক্ষ টাকা এবং তার উপরে। |
| "বি" শ্রেণী সিনেমা হল | .. ১০ (দশ) লক্ষ হইতে ১৬ (ষোল) লক্ষ টাকার নীচে। |
| "সি" শ্রেণী সিনেমা হল | .. ৬ (ছয়) লক্ষ হইতে ১০ (দশ) লক্ষ টাকার নীচে। |
| "ডি" শ্রেণী সিনেমা হল | .. ৬ (ছয়) লক্ষ টাকার নীচে। |

**বিশেষ দ্রষ্টব্য:** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়:

| | |
|---|---|
| ১। বাড়ী ভাড়া ভাতা | ... ৩০% মূল মজুরীর। |
| ২। চিকিৎসা ভাতা | ... ১০০ টাকা মাসিক। |
| ৩। যাতায়াত ভাতা | ... ৪০ টাকা মাসিক। |

শাখা-৮

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১লা আগষ্ট, ১৯৮৭/১৫ই শ্রাবণ, ১৩৯৪

নং এস, আর, ও ১৫৯-আইন/৮৭—Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের এস, আর, ও ৪৪-এল/৮৭/এলএম৮/১(২০)/৮৬ নম্বর বিজ্ঞপ্তিতে নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিজ্ঞপ্তির "ও বর্তমানে রাজশাহী বিভাগের যুগ্ম-শ্রম পরিচালকের পদের দায়িত্বপ্রাপ্ত" শব্দগুলি বিলুপ্ত হইবে।

নং এস, আর, ও ১৬০-আইন/৮৭—Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার চট্টগ্রাম বিভাগের উপ-পরিচালক ও বর্তমানে চট্টগ্রাম বিভাগের যুগ্ম-শ্রম পরিচালকের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত জনাব খুরশীদ আলম চৌধুরীকে, পরবর্তী নির্দেশ দান না করা পর্যন্ত, ট্রেড ইউনিয়নসমূহের নিবন্ধক হিসাবে নিয়োগ করিলেন এবং চট্টগ্রাম বিভাগকে উক্ত অধ্যাদেশের অধীন তাঁহার ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালনের এলাকা হিসাবে নির্ধারণ করিলেন।

নং এস, আর, ও ১৬১-আইন/৮৭—যেহেতু সরকার অভিমত পোষণ করেন যে, সোনালী ব্যাংকের অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরী জনগণের জীবনযাত্রা নির্বাহে প্রয়োজনীয় ব্যবস্থাদি অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয়;

যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958) এর section 3(1)এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিলেন যে, উক্ত ব্যাংকের অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
সাইজুদ্দিন আহমদ
উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
ডাঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।